প্রাপক ও সেবাকারীদের জন্য তথ্যপত্র

করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে মডার্না কোভিড-19 ভ্যাকসিন এবং মডার্না, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5) এর জরুরী ব্যবহারের অনুমোদন

6 মাস থেকে 5 বছর বয়সীদের জন্য

SARS-CoV-2-এর কারণে সৃষ্ট করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে আপনার সন্তানকে মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5)-এর যেকোনো একটি দেয়া হচ্ছে, যেগুলো এর পর থেকে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট হিসেবে উল্লেখ করা হয়েছে।

গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য এই ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত তথ্যপত্রটি 6 মাস থেকে 5 বছর বয়সী শিশুদের ব্যবহারের জন্য অনুমোদিত মডার্না কোভিড -19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট জন্য তথ্যপত্র নিয়ে গঠিত।[1]

নিম্নলিখিত উদ্দেশ্যে মডার্না কোভিড-19 ভ্যাকসিন FDA থেকে জরুরী ব্যবহারের অনুমোদন (EUA) গ্রহণ করেছে:
- **6 মাস থেকে 5 বছর বয়সী ব্যক্তিদেরকে একটি দুই-ডোজের প্রাথমিক সিরিজ দিতে; এবং**
- **6 মাস থেকে 5 বছর বয়সী লোকজন, যারা নির্দিষ্ট ধরনের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বলে নির্ধারিত হয়েছেন, তাদের জন্য একটি তৃতীয় প্রাথমিক সিরিজ ডোজ।**

মডার্না কোভিড -19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট 6 মাস থেকে 5 বছর বয়সীদের জন্য মডার্না কোভিড -19 ভ্যাকসিন এর প্রাথমিক ডোজ দেবার অন্তত 2 মাস পর একক বুস্টার ডোজ দেবার জন্য FDA থেকে জরুরী ব্যবহারের অনুমোদন (EUA) পেয়েছে।

মডার্না কোভিড -19 ভ্যাকসিন ও মডার্না কোভিড -19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট 6 মাস থেকে 5 বছর বয়সীদের জন্য FDA এর জন্য অনুমোদিত নয়।

এই তথ্যপত্রটিতে এমন তথ্য থাকবে যার ফলে আপনি মডার্না কোভিড -19 ভ্যাকসিন ও মডার্না কোভিড - 19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট -এর ঝুঁকি ও সুবিধাদি বুঝতে সক্ষম হবেন, যেগুলো আপনার সন্তান বর্তমানে চলমান কোভিড-19 অতিমারীর কারণে গ্রহণ করতে পারেন। কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের ভ্যাকসিন সরবরাহকারীর সঙ্গে কথা বলুন।

মডার্না কোভিড -19 ভ্যাকসিন ও মডার্না কোভিড -19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট সকলকে সুরক্ষিত নাও রাখতে পারে।

---

[1] আপনার সন্তানের বয়স 6 বছর হলেও আপনি ভ্যাকসিনের তথ্য সম্বলিত এই তথ্যপত্রটি পেতে পারেন। শিশুরা যারা প্রাইমারি সিরিজের ডোজদু'টির মাঝে 5 থেকে 6 বছর বয়সে পৌঁছাবে, তারা (1) 6 মাস থেকে 5 বছর বয়সীদের জন্য অনুমোদিত মডার্না কোভিড -19 ভ্যাকসিন অথবা (2) 6 বছর থেকে 11 বছর বয়সীদের জন্য অনুমোদিত মডার্না কোভিড -19 ভ্যাকসিন পেতে পারে।

এই তথ্যপত্রটি পরিমার্জন করা হতে পারে। সর্বশেষ তথ্যপত্রের জন্য, অনুগ্রহ করে www.modernatx.com/covid19vaccine-eua ভিজিট করুন।

এই ভ্যাকসিনটি পাওয়ার আগে 'COVID-19 সম্পর্কে আপনার যা জানা দরকার?
কোভিড-19 SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা হয়। এই ধরনের করোনাভাইরাস আগে দেখা যায়নি। এই ভাইরাসে আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এলে আপনি COVID-19-এ আক্রান্ত হতে পারেন। এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। কোভিড-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরনের উপসর্গের বিষয় রিপোর্ট করা হয়েছে, যার মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে তীব্র অনুস্থতাও অন্তর্ভুক্ত রয়েছে। ভাইরাসে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলো দেখা দিতে পারে। এই সব লক্ষণের মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা লাগা; কাশি; নিঃশ্বাস-প্রশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না-পাওয়া; গলা ব্যথা; সর্দি বসা বা সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

মডার্না কোভিড -19 ভ্যাকসিন ও মডার্না কোভিড -19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কীভাবে সম্পর্কিত?
মডার্না কোভিড -19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট তৈরি করা হয়েছে মডার্না কোভিড -19 ভ্যাকসিন এর মত করেই, কিন্তু এতে একটি অমিক্রন যা অমিক্রন ভ্যারিয়ান্ট SARS-CoV-2 এর কারণে সৃষ্ট কোভিড -19 প্রতিরোধে সাহায্য করে।

EUA-র আরও তথ্যের জন্য এই তথ্যপত্রের শেষ অংশে "**ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?**" দেখুন।

আপনার সন্তান এই ভ্যাকসিনগুলোর কোনো একটি নেওয়ার পূর্বে আপনাকে আপনার শিশুর ভ্যাকসিন প্রদানকারীর কাছে কী উল্লেখ করা উচিত?
আপনার ভ্যাকসিন প্রদানকারীকে আপনার শিশুর সকল ধরণের স্বাস্থ্যগত সমস্যা সম্পর্কে বলুন, যার মধ্যে রয়েছে আপনার শিশুর:

- কোনো অ্যালার্জি আছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশীতে যন্ত্রণা) অথবা পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) হয়ে থাকে
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা থাকে অথবা রক্ত পাতলা হয়
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল থাকে অথবা এমন কোনও ওষুধ ব্যবহার করেন যার প্রভাব আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- অন্য COVID-19 ভ্যাকসিন নিয়ে থাকে
- কখনও কোনো ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়েছিল কি না

কার মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ করা উচিত নয়?
আপনার শিশুর এই ভ্যাকসিনগুলোর কোনোটি নেওয়া উচিত নয়, যদি আপনার শিশুর:

- মডার্না কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে।
- এই ভ্যাকসিনগুলোতে থাকা যেকোনো উপাদানের ক্ষেত্রে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া থেকে থাকে

এই ভ্যাকসিনগুলোর উপাদানগুলো কী?
মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর মধ্যে নিচের উপাদানগুলো থাকতে পারে: রাইবোনিউক্লিয়িক অ্যাসিড (mRNA), লিপিড (SM-102, পলিথাইলিন গ্লাইকল [পিইজি] 2000 ডাইমাইরিস্টয়েল গ্লিসারল [ডিএমজি], কোলেস্টেরল, ও 1,2-ডাই-স্টেরয়েল-এসএন-গ্লিসারো-3-ফসফোকোলাইন [ডিএসপিসি] ট্রোমাথামাইন, ট্রোমাথামাইন হাইড্রোক্লোরাইড, অ্যাসিটিক এসিড, সোডিয়াম অ্যাসিটেড ট্রাই-হাইড্রেট ও সুক্রোজ।

এই ভ্যাকসিনগুলো কিভাবে দেওয়া হয়?
মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট আপনার সন্তানের মাংশপেশিতে ইনজেকশনের মাধ্যমে দেওয়া হবে।

<u>প্রাথমিক সিরিজ:</u> মডার্না কোভিড-19 ভ্যাকসিনটি এক মাস পরে 2-ডোজের সিরিজ হিসেবে দেওয়া হয়। যেসকল লোকের নির্দিষ্ট ধরনের ইম্মিউনোকম্প্রোমাইজ রয়েছে তাদের ক্ষেত্রে দ্বিতীয় ডোজ নেওয়ার কমপক্ষে 1 মাস পরে তৃতীয় প্রাথমিক সিরিজের একটি ডোজ দেওয়া হয়।

<u>বুস্টার ডোজ:</u> মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একটি একক বুস্টার ডোজ হিসাবে দেয়া হয় অন্তত মডার্না কোভিড -19 ভ্যাকসিন প্রাথমিক টিকাদানের অন্তত 2 মাস পর দেয়া হয়।

এই ভ্যাকসিনগুলো কি পূর্বে ব্যবহার করা হয়েছিল?
মিলিয়নের উপর মানুষ যাদের বয়স 6 মাস বা তার চেয়ে বেশি EUA এর আওতায় মডার্না কোভিড-19 ভ্যাকসিন পেয়েছেন। একটি ক্লিনিক্যাল ট্রায়ালে, 6 মাস থেকে 5 বছর বয়সী আনুমানিক 5,000 জন লোক মডার্না কোভিড-19 ভ্যাকসিনের কমপক্ষে 1 ডোজ গ্রহণ করেছে। অন্য আরেকটি ক্রিনিক্যাল ট্রায়ালে, 6 বছর থেকে 11 বছর বয়সী আনুমানিক 4,000 জন এবং 12 বছর বা তার চেয়ে বেশি বয়সী আনুমানিক 30,000 জন কমপক্ষে 1 ডোজ মডার্না কোভিড-19 ভ্যাকসিন গ্রহণ করেছেন।

6 বছর বা তার চেয়ে বেশি বয়সী মিলিয়নের বেশি লোক EUA এর আওতায় মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (আসল ও অমিক্রন BA.4/BA.5) পেয়েছেন। ক্লিনিক্যাল ট্রায়ালে, 18 বছর বা তার বেশি বয়সী আনুমানিক 400 জন ব্যক্তিকে বাইভ্যালেন্ট ভ্যাকসিনের একটি ডোজ দেওয়া হয়েছে; এই বাইভ্যালেন্টে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট থেকে ভিন্ন একটি অমিক্রনের উপাদান থাকে।

এই ভ্যাকসিনগুলোর সুবিধাদি কী কী?
মডার্না কোভিড-19 ভ্যাকসিন কোভিড-19 প্রতিরোধ করে তা দেখিয়েছে। SARS-CoV-2-এর অমিক্রন রূপের কারণে সৃষ্ট কোভিড-19-এর বিরুদ্ধে আরও সুরক্ষা দিতে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-কে FDA অনুমোদন দিয়েছে।

কোভিড-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

এই ভ্যাকসিনগুলোর ঝুঁকিসমূহ কী কী?
এই ভ্যাকসিন মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, এমন একটি সুদূর সম্ভাবনা রয়েছে। সাধারণত ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে এক ঘণ্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে, ভ্যাকসিন দেওয়ার পর পর্যবেক্ষণ করার সুবিধার্থে, আপনার শিশুর ভ্যাকসিন প্রদানকারী আপনার শিশুকে ভ্যাকসিন দেওয়ার স্থানে থাকার জন্য বলতে পারে। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নেওয়ার পর কিছু ব্যক্তির মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশিতে যন্ত্রণা) এবং পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) দেখা দিয়েছে। এসব লোকের বেশিরভাগের মধ্য ভ্যাকসিন দেবার কিছুদিনের মধ্যে লক্ষণ দেখা গিয়েছে। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন গ্রহণের পরে যদি আপনার শিশুর নিচের যেকোনো উপসর্গ দেখা দেয় তবে তৎক্ষণাৎ আপনার চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত, বিশেষ করে আপনার শিশু ভ্যাকসিনের ডোজ নেওয়ার পর 2 সপ্তাহের মধ্যে:

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণের সময় বুকে চাপ অনুভব বা শ্বাস গ্রহণে কষ্ট হওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা
- মূর্ছা যাওয়া
- অস্বাভাবিক ও ক্রমাগত প্রদাহ
- অস্বাভাবিক ও ক্রমাগতভাবে কম খাবার গ্রহণ
- অস্বাভাবিক ও ক্রমাগত ক্লান্তি বা দুর্বলতা
- ক্রমাগত বমি করা
- তলপেটে ক্রমাগত ব্যাথা
- অস্বাভাবিক ও ক্রমাগত শীত লাগা, ত্বক বিবর্ণ হয়ে যাওয়া

ক্লিনিক্যাল ট্রায়ালে এই ভ্যাকসিনগুলোর যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- ইঞ্জেকশন দেওয়ার স্থানে প্রতিক্রিয়া: ব্যথা, অস্বস্তি, ইঞ্জেকশন দেওয়ার হাতে বা কুঁচকিতে লসিকা (লিম্ফ) ফুলে যাওয়া, লালচে হওয়া ও ফোলা (শক্ত) হয়ে যাওয়া
- সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া: ক্লান্তি, মাথা ব্যাথা, পেশি ব্যাথা, শীত লাগা, বমি বমি ভাব ও বমি হওয়া, জ্বর, গাঁটে ব্যাথা, প্রদাহ/কান্না, নিদ্রালুতা এবং ক্ষুধা নষ্ট হওয়া

অনুমোদন-পরবর্তী ব্যবহারের ক্ষেত্রে যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- আর্টিকারিয়া (চুল্কানিযুক্ত ফুসকুড়ি/জ্বালা)
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্ছা যাওয়া

শুধুমাত্র এগুলোই এই ভ্যাকসিনগুলোর পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়াও দেখা দিতে পারে। এই ভ্যাকসিনগুলোর সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে এখনও গবেষণা চলমান রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?
যদি আপনার শিশুর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয়, তবে 9-1-1-এ কল করুন বা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার শিশুর এমন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় যা দূর হচ্ছে না, তবে ভ্যাকসিন প্রদানকারীকে অথবা আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

ভ্যাকসিন সম্পর্কিত পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে FDA/CDC **ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)**-এর কাছে রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়। অনুগ্রহ করে রিপোর্ট ফর্মের প্রথম লাইনের বক্স #18-এ মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা "মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট EUA"-এর মধ্যে যেকোনো একটি অন্তর্ভুক্ত করুন।

এর সঙ্গে, ModernaTX, Inc ঠিকানায় 1-866-MODERNA (1-866-663-3762) নম্বরে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারেন।

আপনাকে **v-safe-এ নাম নথিভুক্ত করার একটি সুযোগও দেওয়া হতে পারে। V-safe** হলো একটি ঐচ্ছিক স্মার্টফোন-ভিত্তিক উপকরণ, যা কোভিড-19 ভ্যাকসিন গ্রহণের পর গ্রহীতার সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে জানতে টেক্সট মেসেজিং ও ওয়েব সমীক্ষা পরিচালনা করে থাকে। **V-safe**-এর প্রশ্নাবলীর সহায়তায় কোভিড-19-এর সুরক্ষার বিষয়টি CDC পর্যবেক্ষণ করতে পারে। প্রয়োজন পড়লে ডোজ নেওয়ার কথা মনে করিয়ে দেওয়ার কাজও করে **V-safe**। কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার পর গ্রহীতারা যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনো উল্লেখযোগ্য প্রভাবের ব্যাপারে জানান, তাহলে CDC সর্বদা টেলিফোনে খোঁজখবর চালিয়ে যায়। কীভাবে সাইন আপ করতে হয় সে বিষয়ে আরও তথ্যের জন্য, www.cdc.gov/vsafe দেখুন।

আমি যদি আমার সন্তানকে মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট না দেবার সিধান্ত গ্রহণ করি?
EUA-এর অধীনে, ভ্যাকসিন নেওয়ার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার একটি সুযোগ রয়েছে। আপনি যদি আপনার শিশুকে এই ভ্যাকসিনগুলোর কোনোটি না দেওয়ানোর সিদ্ধান্ত নেন, তবে এটি আপনার শিশুর স্বাভাবিক চিকিৎসা সেবায় কোনো পরিবর্তন আনবে না।

কোভিড-19 প্রতিরোধ্যে মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর পাশাপাশি অন্য কোনো বিকল্প আছে কি?
6 মাস থেকে 5 বছর বয়সী শিশুদের জন্য, EUA এর আওতায় কোভিড -19 মোকাবেলায় অন্যান্য ভ্যাকসিনও পাওয়া যেতে পারে। FDA অনুমোদিত কোভিড -19 টিকার প্রাথমিক ডোজ সম্পন্ন করা 5 বছর বয়সী শিশুদের টিকার জন্য, SARS-CoV-2 এর অমিক্রন উপদান থাকা অন্যান্য বাইভ্যালেন্ট EUA এর আওতায় পাওয়া যেতে পারে। 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য যারা মডার্না কোভিড-19 ভ্যাকসিন এর প্রাথমিক টিকা সম্পন্ন করেছে, তাদের জন্য EUA এর আওতায় মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একমাত্র প্রাপ্য ভ্যাকসিন।

আমার শিশু কি অন্যান্য ভ্যাকসিন গ্রহণের সময়েই মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট, বাইভ্যালেন্ট গ্রহণ করতে পারবে?
অন্য ভ্যাকসিনের মতো একই সাথে মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট প্রদানের তথ্য এখনও FDA-এর কাছে পেশ করা হয়নি। যদি আপনি আপনার শিশুর জন্য অন্য ভ্যাকসিনের সাথে মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নেওয়ার বিষয়ে চিন্তাভাবনা করেন, তবে আপনার বা আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

যদি আমার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা থাকে তবে কী হবে?
যদি আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় কোনো সমস্যা থাকে, তবে আপনার শিশুকে মডার্না কোভিড-19 ভ্যাকসিন -এর একটি তৃতীয় প্রাথমিক সিরিজের ডোজ গ্রহণের সুযোগ দেওয়া হতে পারে। রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন 6 মাস থেকে 5 বছর বয়সী শিশুদের জন্য যারা মডার্না কোভিড-19 ভ্যাকসিন সম্পন্ন করেছে, তারা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর একক বুস্টার ডোজ পেতে পারে। রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন লোকজন ভ্যাকসিন নেওয়ার পরও কোভিড-19 থেকে পূর্ণ সুরক্ষা নাও পেতে পারেন এবং কোভিড-19 প্রতিরোধে সাহায্য করতে আপনাকে শারীরিক সতর্কতা বজায় রাখা অব্যাহত রাখতে হবে। আপনার সন্তানের ঘনিষ্ঠ পরিচিতদের যথাযথভাবে টিকা নিয়ে নেওয়া উচিত।

এই ভ্যাকসিনগুলোর কারণে কি আমার শিশুর কোভিড-19 হবে?
না। এই ভ্যাকসিনগুলোতে SARS-CoV-2 থাকে না এবং আপনার শিশুর কোভিড-19 সৃষ্টি করতে পারে না।

আপনার শিশুর ভ্যাকসিন কার্ড সঙ্গে রাখুন
যখন আপনার শিশু প্রথম কোভিড-19 ভ্যাকসিন পাবেন, তখন আপনি একটি ভ্যাকসিন কার্ড পাবেন। আবার আসার সময় কার্ডটি আনতে ভুলবেন না।

অতিরিক্ত তথ্য
আপনার কোনও প্রশ্ন থাকলে ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে ফোন

করুন। অতি

সাম্প্রতিক তথ্যপত্র দেখার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

মডার্না কোভিড-19 ভ্যাকসিন ওয়েবসাইট	টেলিফোন নম্বর
www.modernatx.com/covid19vaccine-eua	1-866-MODERNA (1-866-663-3762)

আমি কিভাবে আরও জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC-তে যান।
- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal- regulatory-and-policy-framework/emergency-use-authorization ঠিকানায় FDA ভিজিট করুন
- আপনার স্টেট বা স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করুন

আমার শিশুর ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?
ভ্যাকসিন সরবরাহকারী আপনার স্টেট/স্থানীয় আইনী অধিক্ষেত্রের টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনার শিশুর ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। IISs সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html ভিজিট করুন।

কোভিড-19-এর এই ভ্যাকসিনগুলো পেতে আমার উপর কি ভ্যাকসিন প্রদান ফি আরোপ করা হবে?
না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন প্রদানকারীগণ ভ্যাকসিন গ্রহণকারীর জন্য কোভিড-19 ভ্যাকসিন প্রদানের ফি অন্তর্ভুক্ত করে এমন কোনো প্রোগ্রাম বা প্ল্যানের কাছ থেকে উপযুক্ত ব্যয়-পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেইড, বিমা-বিহীন গ্রহীতাদের জন্য HRSA কোভিড-19 অবিমাকৃত প্রোগ্রাম)।

সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?
CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলির যে কোনও সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে সচেতন ব্যক্তিদের ইনস্পেক্টর জেনারেল, আমেরিকা যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগে 1-800-HHS-TIPS অথবা https://TIPS.HHS.GOV ঠিকানার দফতরে জানাতে উৎসাহিত করা হয়।

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?
কাউন্টারমেজার্স ইনজুরি কম্পেনসেশন প্রোগ্রাম (CICP) হলো একটি ফেডারেল কর্মসূচী, যা এই ভ্যাকসিনগুলো সহ কিছু নির্দিষ্ট ঔষধপত্র বা ভ্যাকসিনের ফলে গুরুতরভাবে আহত হওয়া লোকজনের চিকিৎসা সেবা ও অন্যান্য সুনির্দিষ্ট ব্যয় নির্বাহের জন্য ব্যয় পরিশোধে সাহায্য করতে পারে। সাধারণত, ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে এক (1) বছরের মধ্যে CICP-এর কাছে একটি দাবি জমা দিতে হবে। এই প্রোগ্রাম সম্পর্কে জানতে www.hrsa.gov/cicp/ ভিজিট করুন অথবা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?
EUA হলো বর্তমান কোভিড-19 অতিমারী প্রাদুর্ভাবের মতো গণ স্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতিতে ভ্যাকসিনের মতো চিকিৎসা পণ্যের উপলভ্যতা ও ব্যবহার সহজ করার একটি প্রক্রিয়া। EUA ব্যবস্থা স্বাস্থ্য ও মানবাধিকার পরিষেবার (HHS) সচিবের একটি ঘোষণার দ্বারা সমর্থিত। এই ঘোষণায় বলা হয়েছে, COVID-19 অতিমারী চলাকালীন সময়ে ওষুধ এবং জৈবিক পণ্যগুলির জরুরি ব্যবহারকে ন্যায়সঙ্গত করার জন্য পরিস্থিতি বিদ্যমান। জরুরি ব্যবস্থার জন্য অনুমোদিত পণ্য FDA দ্বারা পর্যালোচনা করা একটি FDA অনুমোদিত পণ্যের মত পর্যালোচনা পায় না।

কিছু নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA ইস্যু করতে পারে, যার মধ্যে রয়েছে, কোনো পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বিদ্যমান বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে নেওয়া হয়, যেখানে দেখা যায় যে, কোভিড-19 অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধে পণ্যটি কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাদি, জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিসমূহ থেকে বেশি হতে। কোভিড-19 অতিমারী চলাকালীন পণ্যটি ব্যবহারের অনুমতি দেওয়ার জন্য এই সবগুলো মানদণ্ড পূরণ করতে হবে।

অবসান বা বাতিল না করা পর্যন্ত, এই পণ্যটির জরুরি ব্যবহারকে ন্যায্যতা প্রতিপাদন করে কোভিড-19 EUA ঘোষণাটি বর্তমানে কার্যকর রয়েছে (যার পরে পণ্যটি হয়তো আর ব্যবহার করা নাও হতে পারে)।

Moderna US, Inc.
Cambridge, MA 02139

©2022 ModernaTX, Inc. সর্বস্বত্ব সংরক্ষিত।
Patent(s): www.modernatx.com/patents
সংশোধিত: ডিসেম্বর/7/2022

এই তথ্যপত্রটি যে ইলেকট্রনিক মেডিক্যাল রেকর্ড/টিকাদান তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহণকারীকে প্রদান করা হয়েছে তা ধারণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000516